

কালের কণ্ঠ

তারিখঃ ১৭-১১-২০১৮ পৃঃ ০৩



সম্প্রতি আন্তর্জাতিক 'সেনাধিরা ধান গবেষণা পুরস্কার' পান ধান গবেষণা ইনস্টিটিউটের গবেষক ড. তমাল লতা আদিত্য। ছবি : কালের কণ্ঠ

‘সেনাধিরা ধান গবেষণা পুরস্কার’ পেলেন ড. লতা

নিজস্ব প্রতিবেদক ▷

আন্তর্জাতিক 'সেনাধিরা ধান গবেষণা পুরস্কার' পেয়েছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ধান প্রজননবিদ ও পরিচালক (গবেষণা) ড. তমাল লতা আদিত্য। আন্তর্জাতিক রাইস কংগ্রেস উপলক্ষে আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) সম্প্রতি তাঁকে এ সম্মাননা দেয়।

শ্রীলঙ্কার প্রয়াত ধানবিজ্ঞানী ধর্মসেনা সেনাধিরার নামে এ পুরস্কার দেওয়া হয়। ধান গবেষণা এবং ধানের জাত উন্নয়নে অবদানের স্বীকৃতিরূপে এবার এ সম্মাননা পেলেন ড. তমাল লতা। এই গবেষক ধান প্রজননবিদ হিসেবে ১২টি ধানের জাত উদ্ভাবন, উন্নয়ন ও সম্প্রসারণ কাজে অবদান রাখেন। তাঁর নেতৃত্বে ব্রির উদ্ভিদ প্রজনন বিভাগ ২০১৭ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার অর্জন করে। এ ছাড়া তিনি খরা সহনশীল ধানের চারটি জাত উদ্ভাবনে ভূমিকা রাখার কারণে ইরি কর্তৃক স্ট্রাসা পুরস্কার পেয়েছেন। বর্তমানে তিনি ব্রির গবেষণা কর্মসূচি পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন।

ড. আদিত্য ২০০২ সালে লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে উদ্ভিদ প্রজনন এবং বায়োটেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। দেশ-বিদেশের বিভিন্ন সাময়িকীতে তাঁর ২৬টির বেশি প্রবন্ধ ছাপা হয়েছে।